

## খেলোয়াড়ের প্রতিশ্রুতি – কোভিড - ১৯

আমি জানি যে এবারের গ্রীষ্মকালীন ক্রিকেট স্বাভাবিকের চেয়ে ব্যতিক্রমী হবে। অভিজাত খেলোয়াড়দের জন্য আরোপিত বায়ো-সিকিউরিটির শৃঙ্খলা বিধির কারণে টিভিতে যা দেখানো হয় তার থেকেও এটি আলাদা হবে। মহামারীতে ক্রিকেট খেলতে পারা একটি বিশেষ সুযোগ, কোনো অধিকার নয় আর আমি আমার দায়িত্বের অংশটি এমনভাবে পালন করবো যাতে করে ক্রিকেটের সাথে জড়িত ব্যক্তির (খেলোয়াড়, স্বেচ্ছাসেবক, আম্পায়ার, কমিটি, পরিবারের অন্যান্য সদস্যরা এবং সমাজের সাধারণ মানুষেরা) কোভিড-১৯ এর সংক্রমণ ছড়িয়ে পড়ার সম্ভাবনা হ্রাসে সহায়তা করতে পারে। ক্রিকেটের এই মৌসুম যতদিন সম্ভব চালু রাখা যায় তা নিশ্চিত করতে এই কার্যকলাপগুলো সহায়তাও করবে।

তাই আমি ভিক্টোরিয়ান রাজ্য সরকার, স্থানীয় কাউন্সিল, আমার স্থানীয় সংঘ, সমিতি এবং ক্রিকেট ভিক্টোরিয়ার সর্বশেষ পরামর্শ অনুসরণে প্রতিশ্রুতিবদ্ধ থাকবো।

### আমি যা করবো...




ভবনের অভ্যন্তরে বা ইনডোরে সর্বদা একটি মাস্ক পরিধান করবো (যদি ১২ এবং তার বেশি বয়সী হয়)



আগমনের সময় "চেক ইন" এবং প্রস্থানের সময় "চেক আউট" – প্রতিবার উপস্থিতি রেজিস্টার ব্যবহার করবো



নিয়মিত হাত ধোবো এবং স্যানিটাইজার ব্যবহার করবো



সবসময় অন্যদের থেকে আর ট্রেনিং দলের সাথে আকারের সীমাবদ্ধতা অনুযায়ী ১.৫ মিটার দূরত্ব বজায় রাখবো – ট্রেনিং/খেলাধুলার পূর্ব এবং পরবর্তী সময় সহ



কোভিড-১৯ এর শর্তগুলো মেনে চলতে অন্যদেরকে উৎসাহিত করুন।

### আমি যা করবো না...



অসুস্থবোধ করলে ক্রিকেটের যেকোনো কার্যক্রমে অংশগ্রহণ করবো না



একত্রে মিলেমিশে যেকোনো খাবার খাওয়া/পানীয় পান করা যাবে না – নিজের খাবার নিজে নিয়ে আসলে / ক্যান্টিন থেকে কিনলে ঠিক আছে



অন্যদের সাথে ব্যক্তিগত সরঞ্জাম ভাগাভাগি করবো না যদি না ব্যবহারের আগে এবং পরে তা পরিষ্কার করা হয়



বলে থুতু অথবা ঘাম/লালা দেব না

নাম:

তারিখ:

/ /

স্বাক্ষর: